



ডিন অফিস  
জীববিজ্ঞান অনুষদ  
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 58613243  
PABX : 9661900-59/4355, 7545  
Fax : 880-2-9667222  
E-mail : deanbio@du.ac.bd  
mimdadul07@yahoo.com

নং ..... /জীব: অনু:/২০১৮-২০১৯

তারিখঃ ২৭/০৮/১৪২৫ বঙ্গাব্দ  
১১/১২/২০১৮ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি: ১

গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯

গত ০৭ ডিসেম্বর ২০১৮ তারিখ শুক্রবার অনুষ্ঠিত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল অদ্য ১১/১২/২০১৮ তারিখ মঙ্গলবার প্রকাশ করা হয়েছে। ফলাফল admission.eis.du.ac.bd ওয়েব সাইট থেকে জানা যাবে। এছাড়া যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে du<>goc<>roll টাইপ করে 16321 নম্বরে send করলে ফিরতি SMS এর মাধ্যমে ফলাফল জানা যাবে।

নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

- ১। প্রকাশিত গার্হস্থ্য অর্থনীতি ইউনিটের ভর্তি পরীক্ষার (ফলাফল) উত্তরপত্র নিরীক্ষার জন্য কোনো প্রার্থী আগ্রহী হলে ১০০০/- (এক হাজার) টাকা নিরীক্ষা ফিস অগ্রণী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় 'গার্হস্থ্য অর্থনীতি ইউনিট' শিরোনামে চলতি হিসাব নং-০২০০০০৩২৮৮১৩৩-তে জমা দিয়ে টাকা জমার রসিদ, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের অনুলিপি সহ 'ডিন, জীববিজ্ঞান অনুষদ এবং সমন্বয়কারী, গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯, ঢাকা বিশ্ববিদ্যালয়' এর বরাবরে দরখাস্ত লিখে আগামী ১৮/১২/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অনুষদের ডিনের অফিসে জমা দিতে হবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরত দেয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেয়া হবে। এতদসংক্রান্ত ফলাফল আগামী ১৯/১২/২০১৮ তারিখে অনুষদ অফিসে প্রকাশ করা হবে।
- ২। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ মুক্তিযোদ্ধা, উপজাতি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (বাক, দৃষ্টি ও শ্রবণ) এবং খেলোয়ার (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ) কোটায় ভর্তি হতে আগ্রহী প্রার্থীদেরকে ১৮/১২/২০১৮ থেকে ২৬/১২/২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোটার ফরম জীববিজ্ঞান অনুষদের ডিন অফিস হতে সংগ্রহ করে উক্ত সময়সীমার মধ্যে যথাযথভাবে পূরণ করে অফিস চলাকালীন সময়ে অনুষদের ডিন অফিসে জমা দিতে হবে।
- ৩। ফলাফল বাতিলের কারণ/পরীক্ষায় অনুপস্থিত ইত্যাদি বিষয়ে জানতে আগ্রহী প্রার্থীগণ আগামী ১৮/১২/২০১৮ তারিখের মধ্যে 'ডিন, জীববিজ্ঞান অনুষদ এবং সমন্বয়কারী, গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯, ঢাকা বিশ্ববিদ্যালয়' এর বরাবরে দরখাস্ত লিখে জীববিজ্ঞান অনুষদের ডিনের অফিসে জমা দিতে হবে। দরখাস্তের সাথে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের অনুলিপি জমা দিতে হবে। এসকল প্রার্থীকে কোনরূপ ফিস প্রদান করতে হবে না। এ সংক্রান্ত ফলাফল আগামী ২০/১২/২০১৮ তারিখে জীববিজ্ঞান অনুষদ অফিসে প্রকাশ করা হবে।
- ৪। ভর্তি হতে আগ্রহী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীকে আগামী ১৮/১২/২০১৮ থেকে ২৬/১২/২০১৮ তারিখের মধ্যে ওয়েবসাইটে Choice Form পূরণ করে সাবমিট করতে হবে। উক্ত সময়ের পরে এতদসংক্রান্ত বিষয়ে করণীয় বিজ্ঞপ্তির মাধ্যে জানিয়ে দেয়া হবে। প্রার্থীকে নিজ দায়িত্বে অনুষদের নোটিশ বোর্ড অথবা ওয়েবসাইটের মাধ্যমে তা জেনে নিতে হবে।

স্বাক্ষরিত/-

অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হক  
ডিন, জীববিজ্ঞান অনুষদ এবং  
সমন্বয়কারী গার্হস্থ্য অর্থনীতি ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯  
ঢাকা বিশ্ববিদ্যালয়